দৈনিক
ইত্তেফাক

তারিখ 02 JUN 2016
পৃষ্ঠা ৩-৩ কলাম ৪

# উত্তরপত্র ভুল মূল্যায়নে জড়িতদের শাস্তি পেতে হবে : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বরিশাল বোর্ডে এসএসসিতে 'হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ের উত্তরপত্র ভুলভাবে মূল্যায়নের ঘটনায় জড়িতদের বরখাস্ত, বেতন বন্ধসহ কঠোর শাস্তি পেতে হবে। তদন্ত প্রতিবেদন যাচাই করে আমরা চিহ্নিত করতে পারব— কাদের কারণে এ সমস্যাটা হয়েছে। রিপোর্টটির গভীরে গিয়ে আমাদের অনেকগুলো কাজ করতে হবে। এর ভিত্তিতে আমরা ব্যবস্থা নেব। কিছু ব্যবস্থা আমরা নিজেরা অবশ্যই নিতে পারব। সাসপেন্ড করব, বেতন বন্ধ করব, তারপরে চূড়ান্ত বিচারে চাকরি থাকবে কি থাকবে না তাও ঠিক করা হবে।

সচিবালয়ে নিজ দপ্তরে গতকাল বুধবার সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, এর জন্য দায়ী হবেন পরীক্ষার খাতার সঙ্গে ফল মেলানোর জন্য যারা শিট দিয়েছেন। অমনোযোগী ছিলেন অথবা ভুল করেছেন অথবা তারা দায়সারা কাজ করেছেন। ভুলভাবে উত্তরপত্র মূল্যায়নের ঘটনায় সার্বিক তত্ত্বাবধানে কোনো সমস্যা আছে কি না এবং আগে থেকে প্রস্তুতিতে কোনো ঘাটতি ছিল কি না তা যাচাই করে ব্যবস্থা নেওয়া হবে।

এ ফল বিভ্রাটের ঘটনা তদন্তে বরিশাল শিক্ষা বোর্ডের সচিবকে প্রধান করে তিন সদস্যের একটি কমিটি করা হয়। শিক্ষামন্ত্রী বলেন, ভুল সিদ্ধান্তের জন্য শিক্ষার্থীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য ৭২ ঘণ্টার মধ্যে খাতা পুনর্মূল্যায়ন করে ফলাফল দেওয়া হয়।